দৈনিক বাংলা
তারিখ ২৩।৪।৮১
পৃষ্ঠা ... কলাম ...

# কুষ্টিয়া কলেজ তালাবদ্ধ

(নিজস্ব সংবাদদাতা)

কুষ্টিয়া, ২২শে এপ্রিল।—কুষ্টিয়া সরকারী কলেজের ছাত্ররা তাদের দাবী দাওয়া আদায়ের জন্যে মঙ্গলবার সমগ্র কলেজে তালা ঝুলিয়ে দেয়। ফলে কলেজের কোনো ক্লাশ হতে পারেনি। কাজকর্ম চলেনি এবং এমনকি কলেজের সাধারণ কর্মচারী থেকে শুরু করে অধ্যক্ষ পর্যন্ত কেউই কলেজে প্রবেশ করতে পারেননি। কলেজের প্রতিটি বিভাগ অফিস, অধ্যাপকদের কক্ষ অধ্যক্ষের কক্ষ এবং এমনকি প্রধান গেটও তালাবন্ধ ছিলো।

ছাত্রদের দাবী দাওয়া হলো কলেজে শিক্ষক নেই। দীর্ঘদিন হতে শিক্ষকের অভাব থাকা সত্বেও কোনো শিক্ষক নিয়োগ করা হচ্ছে না। কলেজে অনেকদিন থেকেই এক ডজন অধ্যাপকের পদ খালি রয়েছে।

ছাত্ররা বলেন তারা বাধ্য হয়েই এই চরম ব্যবস্থা নিয়েছেন। কলেজের অধ্যক্ষ বলেন বিষয়টি তিনি সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে জানিয়েছেন।